...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, সিলেট
জুডিশিয়াল মুন্সিখানা শাখা
www.sylhet.gov.bd

নম্বর: ০৫.৪৬.৯১০০.০১৪.৩১.০৪৪.১৯.১০৬৩

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩০
০৪ ডিসেম্বর ২০২৩

## বিজ্ঞপ্তি

স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর জননিরাপত্তা বিভাগের ২৩ নভেম্বর ২০২৩ তারিখে আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে আইনশৃঙ্খলা রক্ষার্থে করণীয় নির্ধারণের জন্য অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর ১২(খ) সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে সিলেট জেলার আগ্নেয়াস্ত্র লাইসেন্স ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের পরিবর্তে আগামী ১৫ জানুয়ারি ২০২৪ থেকে ২৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ পর্যন্ত নবায়ন করা হবে। অস্ত্র আইন ম্যানুয়েল এর ৭৫ নম্বর অনুচ্ছেদ এবং আগ্নেয়াস্ত্র লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা, ২০১৬ এর ৩১(খ) অনুচ্ছেদ অনুযায়ী ২০২৪ সনের জন্য সিলেট জেলার সকল প্রকার আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নের লক্ষ্যে এ কার্যালয়ের ১৯ নভেম্বর ২০২৩ তারিখে ০৫.৪৬.৯১০০.০১৪.৩১.০৪৪.১৯.৯৫৬ নম্বর স্মারকে জারীকৃত বিজ্ঞপ্তিটি সংশোধনক্রমে আগামী ১৫ জানুয়ারি ২০২৪ হতে ২৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ পর্যন্ত নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী নিম্ন-বর্ণিত কর্মকর্তাগণ আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করবেন।

২। বন্দুক/শটগান/রাইফেল লাইসেন্সের নবায়ন ফি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং পিস্তল/রিভলবার লাইসেন্সের নবায়ন ফি ১০,০০০/- (দশ হাজার) টাকা চালানের মাধ্যমে ১-২২১১-০০০০-১৮৫৯ নম্বর কোডে এবং ১৫% ভ্যাট বাবদ বন্দুক/শটগান/রাইফেল লাইসেন্সের জন্য ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা, পিস্তল/রিভলবার লাইসেন্সের জন্য ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা ১-১১৩৩-০০১৮-০৩১১ নম্বর কোডে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা প্রদান করে উভয় চালানের মূল কপি দাখিল করতে হবে।

| ক্রম | কর্মকর্তার নাম ও পদবী | তারিখ | স্থান | সময় | অস্ত্রের ধরণ | যে এলাকায় লাইসেন্স নবায়ন করা হবে |
|---|---|---|---|---|---|---|

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১ | ১. জনাব মেরিনা দেবনাথ সিনিয়র সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট<br>২. জনাব যারীন তাসনিম তাসিন, সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট | ১৫/০১/২০২৪ হতে ২৮/০২/২০২৪ | জুডিশিয়াল মুন্সিখানা শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট | অফিস চলাকালীন | পিস্তল/রিভলবার/রাইফেল/বন্দুক/শটগান | সমগ্র জেলা (মহানগর, সিলেট সদর, দক্ষিণ সুরমাসহ) |
| ২ | জনাব মাসুমা আক্তার কণা সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট | ১৫/০১/২০২৪ সোমবার | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফেঞ্চুগঞ্জ | সকাল ১০.০০টা হতে বেলা ০৩.০০ পর্যন্ত | রাইফেল/ বন্দুক/শটগান | ফেঞ্চুগঞ্জ |
| ৩ | জনাব মো. মাহবুবুল ইসলাম সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট | ১৬/০১/২০২৪ মঙ্গলবার | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বালাগঞ্জ | সকাল ১০.০০টা হতে বেলা ০৩.০০ পর্যন্ত | রাইফেল /বন্দুক/শটগান | বালাগঞ্জ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৪ | জনাব মোঃ জসিম উদ্দিন সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট | ১৭/০১/২০২৪ বুধবার | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জৈন্তাপুর | সকাল ১০.০০টা হতে বেলা ০৩.০০ পর্যন্ত | রাইফেল/ বন্দুক/শটগান | জৈন্তাপুর |
| ৫ | জনাব কাজী শামীম সিনিয়র সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট | ২২/০১/২০২৪ সোমবার | জালালাবাদ সেনা নিবাস, সিলেট | সকাল ১০.০০টা হতে বেলা ০৩.০০ পর্যন্ত | রাইফেল/ বন্দুক/শটগান | জালালাবাদ সেনা নিবাস, সিলেট |
| ৬ | জনাব মাসুমা আক্তার কণা সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট | ২৩/০১/২০২৪ মঙ্গলবার | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গোলাপগঞ্জ | সকাল ১০.০০টা হতে বেলা ০৩.০০ পর্যন্ত | রাইফেল/ বন্দুক/শটগান | গোলাপগঞ্জ |
| ৭ | জনাব মোঃ জসিম উদ্দিন সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট | ২৪/০১/২০২৩ বুধবার | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গোয়াইনঘাট | সকাল ১০.০০টা হতে বেলা ০৩.০০ পর্যন্ত | রাইফেল/ বন্দুক/শটগান | গোয়াইনঘাট |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৮ | জনাব মো. মাহবুবুল ইসলাম সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট | ২৯/০১/২০২৪ সোমবার | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিয়ানীবাজার | সকাল ১০.০০টা হতে বেলা ০৩.০০ পর্যন্ত | রাইফেল/ বন্দুক/শটগান | বিয়ানীবাজার |
| ৯ | জনাব কাজী শামীম সিনিয়র সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট | ৩০/০১/২০২৪ মঙ্গলবার | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জকিগঞ্জ | সকাল ১০.০০টা হতে বেলা ০৩.০০ পর্যন্ত | রাইফেল/ বন্দুক/শটগান | জকিগঞ্জ |
| ১০ | জনাব মাসুমা আক্তার কণা সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট | ৩১/০১/২০২৪ বুধবার | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোম্পানীগঞ্জ | সকাল ১০.০০টা হতে বেলা ০৩.০০ পর্যন্ত | রাইফেল/ বন্দুক/শটগান | কোম্পানীগঞ্জ |
| ১১ | জনাব কাজী শামীম সিনিয়র সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট | ০৫/০২/২০২৪ সোমবার | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ওসমানীনগর | সকাল ১০.০০টা হতে বেলা ০৩.০০ পর্যন্ত | রাইফেল/ বন্দুক/শটগান | ওসমানীনগর |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১২ | জনাব মো. মাহবুবুল ইসলাম সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট | ০৬/০২/২০২৪ মঙ্গলবার | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কানাইঘাট | সকাল ১০.০০টা হতে বেলা ০৩.০০ পর্যন্ত | রাইফেল/ বন্দুক/শটগান | কানাইঘাট |
| ১৩ | জনাব মোঃ জসিম উদ্দিন সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট | ০৭/০২/২০২৪ বুধবার | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিশ্বনাথ | সকাল ১০.০০টা হতে বেলা ০৩.০০ পর্যন্ত | রাইফেল/ বন্দুক/শটগান | বিশ্বনাথ |

৩. লাইসেন্স নবায়নের সময় পরিদর্শনের জন্য আগ্নেয়াস্ত্র এবং গোলাবারুদ অবশ্যই সঙ্গে আনতে হবে। লাইসেন্স নবায়নের আবেদনের সাথে মূল লাইসেন্স দাখিল করতে হবে। আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ উপযুক্ত কর্তৃপক্ষের নিকট জমা থাকলে তার প্রমাণ হিসেবে জমার রশিদ/জিডি'র কপি সঙ্গে আনতে হবে।

৪. অনলাইন ডাটা ম্যানেজমেন্ট সিস্টেম (DAMS)-এ ডাটা এন্ট্রির নিমিত্ত সংযুক্ত ফরম পূরণ পূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র আবশ্যিকভাবে প্রদান করতে হবে।

৫. লাইসেন্সধারীর বয়স ৮০ বছরের উর্ধ্বে হলে লাইসেন্স নবায়ন করা হবে না। বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র সঙ্গে আনতে হবে।

৬. আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণ এবং সংশ্লিষ্ট থানার অফিসার ইনচার্জ/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে থানার আগ্নেয়াস্ত্র রেজিস্টারসহ নির্দিষ্ট তারিখে সকাল ০৯.৩০ ঘটিকার সময় উল্লিখিত কার্যালয়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

৭. উল্লিখিত তারিখে উপজেলা পর্যায়ে কোনো আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করা না হলে ২৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ পর্যন্ত এ কার্যালয়ের জুডিশিয়াল মুন্সিখানা শাখা হতে উক্ত আগ্নেয়াস্ত্র নবায়ন করা যাবে।

সংযুক্তি- ফরম ০২ (দুই) পাতা

৬-১২-২০২৩

শেখ রাসেল হাসান
জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট
ফোন: ০২৯৯৬৬৩২১৯০
ইমেইল: dcsylhet@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৬.৯১০০.০১৪.৩১.০৪৪.১৯.১০৬৩/১(১১১)

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩০
০৪ ডিসেম্বর ২০২৩

অনুলিপি:

১) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

২) বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ।

৩) পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট (কোন লাইসেন্সধারীর মৃত্যু হলে কিংবা কোন লাইসেন্সধারীর বিরুদ্ধে আপত্তি থাকলে নবায়নকালীন প্রতিবেদন দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৪) বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট (সকল)।

৫) পুলিশ সুপার, সিলেট (কোন লাইসেন্সধারীর মৃত্যু হলে কিংবা কোন লাইসেন্সধারীর বিরুদ্ধে আপত্তি থাকলে নবায়নকালীন প্রতিবেদন দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট (আগ্নেয়াস্ত্র লাইসেন্স এর নবায়নের বিষয়টি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের মাধ্যমে প্রচারণার জন্য অনুরোধ করা হলো)।

৭) ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, জালালাবাদ সেনা নিবাস, সিলেট। (নবায়ন কার্যক্রম শেষে তালিকা এ কার্যালয়ে প্রেরণের অনুরোধসহ)।

৮) নেজারত ডেপুটি কালেক্টর, সিলেট (উপজেলাসমূহে নবায়ন কাজে ধার্য তারিখসমূহে জ্বালানিসহ প্রয়োজনীয় যানবাহন সরবরাহের জন্য অনুরোধ করা হলো)।

৯) উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট (তাকেঁ আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নের বিজ্ঞপ্তিটি কমপক্ষে সাত দিন সিলেট শহর ও শহরতলীতে মাইকযোগে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

১০) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট (বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

১১) জনাব............................., সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট (নবায়নকালীন সংযুক্ত ফরমের তথ্য সংগ্রহ করে জুডিশিয়াল মুন্সিখানা শাখায় জমা প্রদানের জন্যঅনুরোধ করা হলো)।

১২) ডিজিএম/এজিএম/ভিপি/এসএভিপি/এভিপি (হেড অফ ব্রাঞ্চ),....................., সিলেট।

১৩) আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, সিলেট (তাকেঁ কমপক্ষে সাত দিন খবরের পূর্বে বিষয়টি বহুল প্রচারেরর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

১৪) সভাপতি, সিলেট প্রেস ক্লাব/ সিলেট জেলা প্রেস ক্লাব, সিলেট।

১৫) অফিসার ইনচার্জ, (সকল থানা), সিলেট (২০২৪ সনের নবায়ন কার্যক্রম সম্পর্কে সকল আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীকে অবহিতক্রমে বিষয়টি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

৬-১২-২০২৩
শেখ রাসেল হাসান
জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট